সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
**পণ্ডিত-প্রেস**
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৬ই বৈশাখ বুধবার, ১৩৭৩ ইং 20th April 1966 | ৪৭শ সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি** লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Server

**রান্নায় আনন্দ**
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার
প্রস্তুতকারক
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর
নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান
**সুলভ ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৬ই বৈশাখ বুধবার সন ১৩৭৩ সাল।

## অধম-তারণ না অধম-তাড়ন?

—০—

মহারাজা বিক্রমাদিত্য তাঁহার নবরত্ন সভায় প্রশ্ন করিয়াছিলেন—"অসীম কি?" অর্থাৎ কোন্ বস্তুর পারে যাওয়া যায় না? নবরত্নের জনৈক রত্ন একটি শ্লোকে উত্তর দিয়াছিলেন। শ্লোকটি অনেকের পক্ষে দুর্ব্বোধ্য হইলেও তাহার বঙ্গানুবাদ সরল কবিতায় নিম্নে দেওয়া হইল।

"নিঃস্বোঽপ্যেক শতং, শতী দশ শতং
লক্ষং সহস্রাধিপো
লক্ষেশঃ ক্ষিতিপালতাং, ক্ষিতিপতি
শ্চক্রেশতাং কাঙ্ক্ষতি।

চক্রেশঃ সুররাজতাং, সুরপতি
র্ব্রহ্মাস্পদং বাঞ্ছতি
ব্রহ্মা বিষ্ণুপদং, হরিঃ শিবপদং,
আশাবধিং কো গতঃ॥"

শত মুদ্রা ইচ্ছা করে যে জন নির্ধন,
পেলেও শতেক মুদ্রা সহস্রে মনন!
সহস্র পেলেও হ'তে চায় লক্ষপতি,
লক্ষপতি চায় পুনঃ হইতে নৃপতি!
নৃপতিও ইচ্ছা করে হই চক্রেশ্বর,
চক্রেশ্বর ইচ্ছা করে হই পুরন্দর (ইন্দ্র)!
পুরন্দর ব্রহ্ম-পদ, ব্রহ্মা বিষ্ণু-পদ,
বিষ্ণুও বাসনা করে শিবের সম্পদ!
যত চায়, তত পায়, তবু ইচ্ছা করে
হায়রে দুরাশা! তোর পেট নাহি ভরে!

এ জগতে সকলেই আশার মোহিনী মায়ায় সমাচ্ছন্ন। নিঃস্ব হইতে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর পর্য্যন্ত সকলেই দুর্জ্জয় আশার বশবর্ত্তী—ইহাই উল্লিখিত শ্লোকে বলা হইয়াছে।

আমরা ভারতবাসী ২০০ বৎসর ইংরাজের অধীনে থাকিয়া স্বাধীনতালাভের আকাঙ্ক্ষা করিয়াছিলাম। একথা মনে রাখা দরকার যে দুই শত বৎসর সুসভ্য ইংরাজের দ্বারা শিক্ষালাভ করিয়াও আমাদের শতকরা ৮৫ পঁচাশি জন নিরক্ষর। আইন সভাতেও এমন কি কেন্দ্রীয় সভাতেও স্বল্পাক্ষর এবং নিরক্ষর সদস্যের অভাব নাই। আইনও তৈরী হয় ভোটাধিক্যের উপর নির্ভর করিয়া। ভারত কৃষি-প্রধান দেশ। কৃষককুলই ইহার সমৃদ্ধি বৃদ্ধি করার প্রধান সহায়। ইঁহাদের পেটে অন্ন নাই, পরিধানে বস্ত্র নাই। স্বাধীন দেশের সরকারের ইঁহাদের দুঃখ মোচন করার উদ্দেশ্য অতি মহৎ।

নিরক্ষর নিরীহ বর্গাদারগণ নিজেদের জমি জমা না থাকায় পরের জমি চাষ আবাদ করে। স্মরণাতীত কাল হইতে জোতদারের ও বর্গাদারের মধ্যে মৌখিক চুক্তিতে জমির উর্ব্বরতা অনুসারে কোথাও মণে চব্বিশ সের ও ষোল সের, কোথাও আধ মণ আধ মণ, আবার জোতদারের লাঙ্গল, জোতদারের গরু দিয়া যাহারা আবাদ করে তাহারা জোতদারকে মণকরা আটাশ সের দিয়া নিজেরা পারিশ্রমিক স্বরূপ মণকরা ১২ সের ফসল লইয়া সন্তুষ্ট থাকে।

---

## বিধান পরিষদ নির্ব্বাচনপ্রার্থী

মুর্শিদাবাদ জেলার স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানগুলো থেকে দু'জন প্রতিনিধি বিধান পরিষদে নির্ব্বাচিত হবেন। এই আসনের জন্যে মোট ছ'জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন। জেলা পরিষদের বর্তমান সভাপতি শ্রীআবদুস সাত্তার ও জেলা কংগ্রেস সম্পাদক শ্রীদুর্গাপদ সিংহ হলেন কংগ্রেস মনোনীত প্রার্থী। জঙ্গিপুর সংগ্রাম পরিষদ, আর-এস-পি ও অন্যান্য বামপন্থী দল মনোনীত প্রার্থী বহরমপুর ঈশ্বরচন্দ্র ইনষ্টিটিউশনের প্রধান শিক্ষক শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডের আবেদনপত্রের প্রস্তাবক হ'লেন শ্রীত্রিদিব চৌধুরী, এম, পি। ভারতরক্ষা আইনে আটক বন্দী শ্রীমহাম্মদ মুসার প্রার্থীপদ সমর্থন করছেন এস. এস, পি সহ অন্যান্য বামপন্থী দল। জনসংঘ থেকে দাঁড়িয়েছেন বহরমপুর পৌরসদস্য শ্রীকৃষ্ণদাস চট্টোপাধ্যায় ও শ্রীঅমূল্যরতন আঢ্য। প্রসংগক্রমে উল্লেখ করা যেতে পারে যে, বর্তমান প্রতিনিধিদ্বয় সর্ব্বশ্রী শশাঙ্কশেখর সান্যাল ও শ্রীপদ ভট্টাচার্যের সদস্যপদের মেয়াদ শেষ হচ্ছে আগামী ৪ঠা জুন।

'জনমত'

---

## তরুণ ই. আই. বি. অফিসারের কৃতিত্ব

—•—

গত ১লা বৈশাখ (ইং ১৫।৪।৬৬) তারিখে ফরাক্কা রেল-ষ্টেশনে বে-আইনী আফিম লইয়া যাওয়ার অভিযোগে রামকিষণ ঠাকুর নামক এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। প্রকাশ উক্ত ব্যক্তি তাহার জ্যাকেটের মধ্যে গুপ্তভাবে ৩-৬৫ কেজি আফিম বহন করিতেছিল। ফরাক্কাস্থিত ই, আই, বি, (আবগারী) দারোগা শ্রীরমেন্দ্রনাথ পাল তাহার সন্দেহজনক গতিবিধির উপর সজাগ দৃষ্টি রাখিয়া বিশেষ তৎপরতার সহিত তাহাকে গ্রেপ্তার করেন। উক্ত রমেনবাবু কিছুদিন পূর্ব্বে কয়েকজন দুষ্কৃতকারীকে বে-আইনী গাঁজাসহ ধরিয়া বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়াছেন। গত ৩১শে ডিসেম্বর, ২৮শে জানুয়ারী, ১৮ই ফেব্রুয়ারী তারিখে যথাক্রমে ৪৭-৪০০ কেজি, ৯-১০০ কেজি, ১৭-৬০০ কেজি বে-আইনী গাঁজা ধরিয়া ইনি সততা ও কর্তব্যনিষ্ঠার বিশেষ পরিচয় দিয়াছেন।

---

## দু' লক্ষ দুঃস্থ ছাত্রকে বিনামূল্যে আহার সরবরাহ

—•—

বৃহত্তর কলকাতার দুঃস্থ পরিবার থেকে যারা বিদ্যালয়ে আসে, এমন প্রায় দুই লক্ষ ছাত্রের জন্য আগামী ছয় মাস বিনামূল্যে ভাত এবং আরও দুইটি পদ আহারের ব্যবস্থা হচ্ছে। এই পরিকল্পনা মাস খানেকের মধ্যে চালু হবার সম্ভাবনা। পশ্চিম বঙ্গ সরকার, দাতব্য প্রতিষ্ঠান এবং চার্চ্চসমূহের প্রতিনিধিদের নিয়ে ২০ জনের এক পরিচালন কমিটি গঠিত হবে।

---

## পরলোকে নন্দলাল বসু

গত ২রা বৈশাখ শনিবার বৈকালে শান্তি-নিকেতনে নিজ বাসভবনে শিল্পগুরু আচার্য্য নন্দলাল বসু মহাশয় শেষ নিঃশ্বাস ত্যাগ করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮৩ বৎসর হইয়াছিল। তিনি বিধবা স্ত্রী, দুই পুত্র, দুই কন্যা, অনেকগুলি নাতিনাতিনী ও বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। তাঁহার জীবনাবসানে ভারতের শিল্প সাধনার গৌরবোজ্জ্বল অধ্যায়ের অবসান হইল।

---

## অগ্নিকাণ্ডে সর্ব্বনাশ

গত ২রা বৈশাখ শনিবার দ্বিপ্রহরে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত খিদিরপুর গ্রামে আগুন লাগার ফলে নয়টী মধ্যবিত্ত মুসলমান গৃহস্থ সর্ব্বস্বান্ত হইয়াছে। লোকজন জুটিয়াও সহজে আগুনের নিকট অগ্রসর হইতে সমর্থ হয় নাই। গৃহস্থগণের খাদ্য-দ্রব্য ও আসবাবপত্র পুড়িয়া গিয়াছে। আগুন লাগার ফলে নয়টী গৃহস্থ সর্ব্বহারা হইল।

গত ৩রা বৈশাখ রবিবার দ্বিপ্রহরে রঘুনাথগঞ্জ শহরের অনতিদূরবর্ত্তী আইলেরউপর গ্রামের চাঁই-মণ্ডল পাড়ায় আগুন লাগিয়া ১০।১২টী মধ্যবিত্ত গৃহস্থের সর্ব্বনাশ হইয়াছে। নিকটে কোন জলাশয় না থাকায় আগুন নিভান সম্ভব হয় নাই। গৃহস্থ-গণের তৈজসপত্রাদি ও গৃহজাত রবিশস্য পুড়িয়া ভস্মীভূত হইয়াছে। এই দুর্দ্দিনে খাদ্যদ্রব্য ও শস্যাদি নষ্ট হওয়ায় গৃহস্থগণের দুর্দ্দশা চরমে উঠিল। প্রখর রৌদ্রতাপে তাহাদের মাথা গুঁজিবার স্থান নাই। গৃহহারা হইয়া তাহারা ভীষণ কষ্টে কালাতিপাত করিতেছে।

---

## পাঁঠার দুধ

সহযোগী 'জনমতে' প্রকাশ—জঙ্গিপুর মহকুমায় সাগরদীঘি থানার ব্রাহ্মণপাড়া গ্রামে শ্রীবৈদ্যনাথ সাহানার একটী ছাগ (পাঁঠা) ৪০০।৫০০ গ্রাম দুধ দিচ্ছে। এই ব্যাপার চাক্ষুষ করার জন্য প্রতিদিন নানাস্থান হ'তে বহুলোকের সমাগম হচ্ছে। লোকে বলে—ছাগ দুগ্ধে অম্লশূল সারে।

---

## দিকে দিকে জলকষ্ট

—০—

চৈত্র শেষ হইতে না হইতেই শহর ও মফঃস্বলের প্রতি পল্লী হইতেই জলকষ্টের খবর পাওয়া যাইতেছে। জঙ্গিপুর মিউনিসিপালিটীর রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে কতকগুলি টিউব-ওয়েল একবারে অকেজো হয়ে পড়েছে। ভাগীরথী নদী শুকাইয়া গিয়াছে, স্নানের উপযোগী জল নাই বলিলেই হয়। মাঠের পুকুর, পুষ্করিণী, খাল, বিলের জল শুকাইয়া গিয়াছে। গৃহপালিত পশু মাঠে চরিতে গিয়া পানীয় জলের জন্য ছুটাছুটি করিতেছে। বিশুদ্ধ পানীয় জল অভাবে অনেকে অসুবিধায় পড়িয়াছে সংবাদপত্র খুলিলেই দেশের সর্ব্বত্র লোকে জলাভাবে কষ্ট পাইতেছে দেখিতে পাইবেন। দেশে খাদ্যা-ভাব, বস্ত্রাভাব, অর্থাভাব সবকে টেক্কা মেরেছে জলাভাব। পিপাসায় পানীয় জল না পাইলে লোকে বাঁচিবে কি প্রকারে?

---

Government of West Bengal.
Office of the Collector, Murshidabad.
Excise Department.

## NOTICE.

Applications are invited from the intending candidates for settlement of the Pachwai Shop at Palsanda under Nabagram P. S. of Murshidabad District. Person who desire to be considered for selection as licensee of the said shop should apply in writing in the prescribed form (which may be seen at the District Excise Office, Berhampore and all Excise circle offices in this district) with a Court Fee Stamp worth seventy five paise to Additional District Magistrate, Murshidabad on or before the 12th May, 1966.

The candidates must possess the following qualifications :—

1. He must be financially solvent to run the shop.

2. He should be in a position to find out a suitable land which should be free from reasonable public objection for establishment of the above shop at Palsanda under Nabagram P. S.

3. He must be prepared to deposit Advance Security Deposit for the above shop.

Candidates are required to appear before the undersigned for an interview at their own expenses at the district Excise Office at Berhampore if and when called for.

The selection will be temporary for a specified period and the undersigned reserves the right for rejection of any application without assigning any reason whatsoever.

Candidates must bring with them all the original certificates and testimonials and other documents in support of their statement as may be recorded in the application, at the time of interview.

Persons who have been convicted by a Criminal court of a nonbailable offence or who are in arrears to Government or whose conduct have been found to be unsatisfactory or who have been found guilty of any serious breach of condition of their licenses are not suitable for selection as licensee.

Sd/- U. C. Mahato,
for Addl. District Magistrate,
Murshidabad.

---

WANTED a B. A. (with Sanskrit) P. G. B. T. Assistant Teacher on deputation vacancy for Banyeshwar B. C. Senior Basic School. P. O. Dakshingram Sabitri, Murshidabad. The Post is purely temporary. Apply to the Secretary on or before 15-5-66



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও
সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৩৩

দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ·৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)